



আপনার কি কোনো সহায়তা প্রয়োজন? আপনার সহায়তায় আমরা এখানে আছি।

কাস্টমার সার্ভিস সেন্টার - আপনার প্রয়োজন মেটানোর জন্য ফোনে বা সশরীরে প্রথম যোগাযোগের কেন্দ্র। আমাদেরকে 703-228-1300 নম্বরে কল করুন বা 2100 Washington Blvd., Arlington, VA 22204-এর প্রথম তলায় আমাদের সাথে সাক্ষাৎ করুন।

কমিউনিটি অ্যান্ড হাউজিং অ্যাসিস্টেন্স - পরিষেবাগুলোর মধ্যে রয়েছে, ভাড়া সহায়তা কর্মসূচী ও উচ্ছেদ প্রতিরোধ পরিষেবা, পরিষেবা কেটে দেওয়া প্রতিরোধে ইউটিলিটি সহায়তা এবং গৃহপত্রের জন্য অর্থ প্রদান। অনুগ্রহ করে মনে রাখবেন, পরিষেবাগুলো উপযুক্ততার ভিত্তিতে প্রদান করা হয়।

কর্মসংস্থান পরিষেবা - চাকুরী মেলার তথ্য, ক্যারিয়ার অ্যাসেসমেন্ট সহায়তা, কম্পিউটার ও প্রিন্টার, মাইক্রোসফট ওয়ার্ড ও এক্সেল টিউটোরিয়াল, ক্যারিয়ার-রেডিনেস কর্মশালায় প্রবেশের সুযোগ এবং <https://jobboard.arlingtonva.us/>-এ উপলভ্য চাকুরী অনুসন্ধান করার সুযোগ।

কর্মীবাহিনীর প্রশিক্ষণ - "অন্য ভাষাভাষীর জন্য ইংরেজি (English for Speakers of Other Languages)" ক্লাস এবং চাকুরীর প্রশিক্ষণের অন্যান্য কর্মসূচী।

গৃহহীন ও আশ্রয় পরিষেবা - গৃহহীনতার সমস্যায় থাকা আর্লিংটন কাউন্টির অধিবাসী ও পরিবারবর্গের জন্য নিরাপদ আশ্রয়।

মেডিকেড - স্বল্প-আয়ের সকল বয়সী উপযুক্ত অধিবাসীদের জন্য স্বাস্থ্য বিমা।

রিয়েল এস্টেট ট্যাক্স রিলিফ - 65 বছর বা তদূর্ধ্ব বয়সী বা স্থায়ীভাবে প্রতিবন্ধী স্বল্প- ও মাঝারি-আয়ের বাড়ির মালিকদের জন্য ট্যাক্স রিলিফ অব্যাহতি ও বিলম্বে পরিশোধ।

কমিউনিটি আউটরিচ প্রোগ্রাম - কমিউনিটিতে বিভিন্ন ধরনের সেবা ও সংস্থান দিয়ে সহায়তা করা হয়। কমিউনিটির চাহিদা অনুযায়ী নবাগত ও চলমান পরিষেবাগুলোর জন্য বিভিন্ন অনুষ্ঠান ও ক্লাস উপযোগী করা হয়। আউটরিচ বিশেষজ্ঞগণ বিভিন্ন সংস্কৃতির ও ভাষাভাষীর হয়ে থাকেন এবং আর্লিংটনের যেসকল অধিবাসীর বিভিন্ন প্রতিবন্ধকতা রয়েছে তাদেরকে সহায়তা করার ক্ষেত্রে অভিজ্ঞতা রয়েছে। স্টাফ খাবার ও ডায়াপার ব্যাংকের রেফারেল, আবেদনে সহায়তা ও নোটারি সেবা প্রদান করেন।

গণ সহায়তা (Public Assistance) - স্বল্প-মেয়াদী এবং/অথবা সাময়িক চাহিদা পূরণে সহায়তার জন্য কমিউনিটির সেইফটি নেট কর্মসূচী, যার মধ্যে থাকতে পারে খাদ্য সহায়তা, আর্থিক সহায়তা, ইউটিলিটি সহায়তা, চিকিৎসা সেবা ও শিশু যত্ন। কর্মসূচীগুলো শিশু, পরিবার ও ব্যক্তি পর্যায়ের সহায়তা প্রদান করে থাকে। সকল গণ সহায়তা কর্মসূচীর আর্থিক ও অ-নার্থিক উপযুক্ততার নির্দেশনা রয়েছে। 2100 Washington Blvd., Arlington, VA-তে, <https://www.commonhelp.virginia.gov>-এ বা 855-635-4370 নম্বরে সশরীরে আবেদন করুন।

সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (SNAP) - খাবার ক্রয়ে আর্থিক সহায়তা।

টেম্পোরারি অ্যাসিস্টেন্স টু নিডি ফ্যামিলিজ (TANF) - যেসকল পরিবার স্বল্প আয়ের কারণে তাদের শিশুদের চাহিদা পূরণ করতে পারে না সেসকল পরিবারের জন্য আর্থিক সহায়তা।

আরও জানুন

Arlington Department of
Human Services
2100 Washington Blvd.,
Arlington VA 22204
www.arlingtonva.us/dhs

পার্কিং

সিকুইয়া প্লাজায় থাকাকালীন DHS দর্শনার্থীদের জন্য গ্যারেজে বিনামূল্যে পার্কিং (ব্লু লেভেল)। গ্যারেজ পূর্ণ হয়ে গেলে সড়ক পার্কিংটি ব্যবহার করুন।

কার-মুক্ত যাতায়াতের বিভিন্ন বিকল্প:

ART 42, ART 45, ART 77

ফোন:

703-228-1300
703-228-1398 TTY

আর্লিংটন কাউন্টি প্রযোজ্য ফেডারেল নাগরিক অধিকার মেনে চলে এবং জাতি, বর্ণ, জাতিগত উৎপত্তি, বয়স, প্রতিবন্ধীত্ব বা লিঙ্গ-এর উপর ভিত্তি করে কোনো বৈষম্য করে না। অনুরোধ সাপেক্ষে ভাষাগত সেবা পাওয়ার সুবিধা রয়েছে।